গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

নম্বর- ৪১.০০.০০০০.০১৬.২৩.০০৫.২১.

তারিখ: ২৪ ভাদ্র, ১৪২৮
০৮ সেপ্টেম্বর, ২০২১

বিষয়: 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক (২০২০-২০২১)' এর ড্রয়িং-ডিজাইন মনোনয়নের জন্য চিত্রশিল্পী/বিশেষজ্ঞ সদস্যদের কো-অপ্ট করণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় এর সভাপতিত্বে ১৯-৭-২০২১ তারিখে অনুষ্ঠিত 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক' এর ডিজাইন প্রস্তুত/প্রণয়ন সংক্রান্ত গঠিত কমিটির প্রথম সভার সিদ্ধান্ত ৩.০ এর (খ) অনুযায়ী নিম্মোক্ত ০৩ (তিন) জন বিশিস্ট চিত্রশিল্পী/বিশেষজ্ঞ সদস্যকে বর্ণিত কমিটিতে নির্দেশক্রমে কো-অপ্ট করা হলো:

| ক্রমিক | নাম ও ঠিকানা | মোবাইল/টেলিফোন নম্বর ও ইমেইল |
|---|---|---|
| ১. | শিল্পী মুস্তাফা মনোয়ার, বাড়ি নম্বর- ১৯/এ, রোড নম্বর-১ ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫ | ০১৮১৯২৬১৬৪২<br>merrymonwar@gmail.com |
| ২. | শিল্পী হাশেম খান, বাড়ী নং-৩, রোড-৩১, সেক্টর-০৭, উত্তরা, ঢাকা | ০১৭১১৮৪৮৯১৪ |
| ৩. | শিল্পী নাসিম আহমেদ নাদভী<br>স্পন্দন<br>৪৫, ইন্দিরা রোড, রাজাবাজার, ঢাকা-১২০৭ | ০১৭২৭৩২৭৯০৪<br>nadvi.nasim@gmail.com |

সংযুক্ত: (১) ১৯-৭-২০২১ তারিখে অনুষ্ঠিত প্রথম সভার কার্যবিবরণীর কপি ;
(২) পদকের ড্রয়িং ডিজাইন আহ্বানের বিজ্ঞপ্তির কপি।

(খাদিজা নাজনীন)
উপসচিব
ফোন: ৯৫৭৬৬৮৩
E-mail: publication@msw.gov.bd

বিতরণ:
১) শিল্পী মুস্তাফা মনোয়ার, বাড়ি নম্বর- ১৯/এ, রোড নম্বর-১,ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫
২) শিল্পী হাশেম খান, বাড়ী নং-৩, রোড-৩১, সেক্টর-০৭, উত্তরা, ঢাকা
৩) শিল্পী নাসিম আহমেদ নাদভী,স্পন্দন, ৪৫, ইন্দিরা রোড, রাজাবাজার, ঢাকা-১২০৭।

নম্বর- ৪১.০০.০০০০.০১৬.২৩.০০৫.২১.

তারিখ: ২৪ ভাদ্র, ১৪২৮
০৮ সেপ্টেম্বর, ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, শের-ই-বাংলা নগর, ঢাকা
২। সকল অতিরিক্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। যুগ্মসচিব (কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
৭। সচিব এর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮.৯.২০২১

(খাদিজা নাজনীন)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

কর্মসম্পাদন ব্যবস্থাপনা

মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদকের ডিজাইন প্রস্তুত/প্রণয়ন সংক্রান্ত গঠিত কমিটির প্রথম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মাহফুজা আখতার<br>সচিব |
| সভার তারিখ | ১৯-০৭-২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | ১১:৩০ টা |
| স্থান | জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

২.০ আলোচনা:

২.১ ভার্চুয়াল সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক উদ্যোগে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা , প্রতিবন্ধীসহ সমাজের অবহেলিত, নিগৃহীত, সহায়হীন, অক্ষমসহ বিভিন্ন অনগ্রসর জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে সরকার বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা- "প্রয়োজনে একবেলা খেয়ে থাকবো", এর দৃঢ় প্রত্যয়ে বলীয়ান হয়ে মিয়ানমার থেকে আগত বাস্তুচ্যুত প্রায় ১১ লাখ বিশাল রোহিঙ্গা জনগোষ্ঠীকে বাংলাদেশে আশ্রয়সহ সামাজিক নিরাপত্তা নিশ্চিত করে আজ সারা বিশ্বে তিনি ‘মাদার অব হিউম্যানিটি’ হিসেবে স্বীকৃতি লাভ করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার মহান উদ্যোগ দেশের জনগন ও জনসেবার সাথে সংশ্লিষ্ট ব্যক্তি, সরকারি/বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠান সমূহের মধ্যে ছড়িয়ে দেয়ার বিষয়ে অবদানের জন্য ‘মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক’ চালু করা হয়।

২.২ অতিরিক্ত সচিব (কার্যক্রম) সভাকে অবহিত করেন যে, “মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক ২০১৮” এর নীতিমালা (সংশোধিতসহ) অনুযায়ী ব্যক্তি পর্যায়ে, বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠান এবং সরকারি দপ্তর/ সংস্থা বা প্রতিষ্ঠান হতে ৫টি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরব উজ্জল ভূমিকার জন্য ‘মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক প্রদান করা হবে। এ লক্ষে পদকের ডিজাইন নির্বাচনের নিমিত্ত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, ডিজাইন মনোনয়নের জন্য বিশেষজ্ঞ সদস্য কো-অপ্টকরণসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য কমিটির অদ্যকার সভা আহ্বান করা হয়েছে। তিনি সভার বিস্তারিত বিষয় উপস্থাপন করার জন্য কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখার উপসচিবকে আহ্বান জানান।

২.৩ উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) সভাকে অবহিত করেন যে, পদকের ডিজাইন উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে নির্বাচন করতে হবে। শ্রেষ্ঠ ডিজাইন নির্বাচনের জন্য জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। বিটিভি ও দুটি চ্যানেলের স্ক্রলে এবং বাংলাদেশ বেতারে প্রচার করা যায়। ডিজাইন প্রাপ্তির পর শ্রেষ্ঠ ডিজাইন নির্বাচনের সময় চিত্রশিল্পী/বিশেষজ্ঞগণের মতামত গ্রহণের লক্ষ্যে কমিটিতে ২/৩ জন বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করা যেতে পারে। ডিজাইন প্রাপ্তির পর একাধিক নির্বাচিত ডিজাইনসহ সুনির্দিষ্ট একটি ডিজাইন নির্বাচন করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন গ্রহণ করা যেতে পারে। শ্রেষ্ঠ ডিজাইনারকে উপযুক্ত সম্মানী প্রদানের ব্যবস্থা করতে হবে। তিনি সভাকে আরো জানান যে, বিশেষজ্ঞ প্রতিনিধির সহায়তা গ্রহণের জন্য শিল্পকলা একাডেমী এবং চারুকলা ইনস্টিটিউট অথবা ব্যক্তিদের সাথে যোগাযোগ করতে হবে।

২.৪ সভায় আলোচনা করা হয় যে, ০৩ জন বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করার পূর্বে ব্যক্তিগতভাবে ০৩ জন বিশিষ্ট চিত্রশিল্পী জনাব হাসেম খান, জনাব মোস্তফা মনোয়ার, অধ্যাপক শিশির কুমার ভট্টাচার্য এর সাথে যোগাযোগ করতে হবে।

২.৫ সভায় সংযুক্ত সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক, মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি

৮০

উপস্থাপিত প্রস্তাবের বিষয়ে একমত প্রকাশ করেন।

৩.০ বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক' এর ডিজাইন উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে আহ্বান করতে হবে;

(খ) শ্রেষ্ঠ ডিজাইন মনোনয়নের জন্য বিদ্যমান কমিটিতে একাধিক চিত্রশিল্পী/বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে হবে;

(গ) শ্রেষ্ঠ মনোনীত ডিজাইনারকে উপযুক্ত সম্মানী প্রদান করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মাহফুজা আখতার
সচিব

স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০২৭.২৩.০০১.২০.৬৬

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৮
২৭ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, (দৃ:আ: উপসচিব, সিভিল রেজিস্ট্রেশন অধিশাখা)
২) সচিব , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, (দৃ: আ:যুগ্ম সচিব (প্রশাসন)
৩) সচিব , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, (দৃ: আ: যুগ্মসচিব (সাংস্কৃতিক ঐতিহ্য-১))
৪) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, (দৃ:আ: উপসচিব,মবিঅ-১)
৫) অতিরিক্ত সচিব, বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন অনুবিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়
৬) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর
৭) যুগ্মসচিব, কার্যক্রম অধিশাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়
৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়
৯) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়
১০) সিস্টেম এনালিস্ট, আইসিটি ও ইনোভেশন শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়

খাদিজা নাজনীন
উপসচিব

গবেষণা বিষয়ক সম্পাদক অধ্যাপক ড. সেলিম মাহমুদ, গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বেগম রুখসানা নাজমা ইসহাক। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন ভুঁইয়া। প্রধান অতিথির বক্তব্যে সাবেক কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী (১২ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

গুরুত্বপূর্ণ। ফলে এই টিকার বিরুদ্ধে যখন অপপ্রচার হয়, সেটা সরকারের বিরুদ্ধে নয়, জনস্বার্থের বিরোধী। অর্থাৎ মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ এই টিকার বিরুদ্ধে যারা অপপ্রচার চালাচ্ছেন, তারা জনস্বার্থবিরোধী কাজ করছেন এবং জনস্বার্থবিরোধী অপপ্রচার যদি কেউ চালায়, সেটা দেশের আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। টিকা দলীয়করণের (১৫ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## রহস্য উদ্ঘাটন করেছে র‌্যাব

স্টাফ রিপোর্টার ॥ দুই বন্ধু মিলে ভয়ঙ্কর ও নৃশংস কায়দায় একজন অধ্যক্ষকে ঠান্ডা মাথায় হত্যা করতে পারে এটা র‌্যাবের কাছেও বিস্ময় লাগে। সাভারের রেসিডেন্সিয়াল স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ মিন্টু চন্দ্র বর্মণকে (৩৬) শ্রেণীকক্ষে হত্যা রহস্য উদ্ঘাটনের পর র‌্যাব লোমহর্ষক বর্ণনা দিয়েছে। এই হত্যাকাণ্ডের পর লাশ ছয় টুকরো করে পুঁতে রাখে দুই বন্ধু মোতালেব ও রবিউল। কৌশলী তদন্তের পর তাদের আটক করেছে র‌্যাব। ওই স্কুল থেকে লাশের পাঁচটি অংশ উদ্ধার (১৫ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

তারিখ : ২৫ শ্রাবণ ১৪২৮ / ০৯ আগস্ট ২০২১

নম্বর : ৪১.০০.০০০০.০১৬.২৩.০০৫.২১-২৪৫

# বিজ্ঞপ্তি

## বিষয় : মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদকের ড্রয়িং-ডিজাইন আহ্বান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মানবতাবাদের আদর্শে লালিত তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক উদ্যোগে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা , প্রতিবন্ধীসহ সমাজের অবহেলিত, নিগৃহীত, সহায়হীন, অক্ষম ও বিভিন্ন অনগ্রসর জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে সরকার বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় ''প্রয়োজনে একবেলা খেয়ে থাকব''-এ দৃঢ় প্রত্যয়ে বলীয়ান হয়ে মাননীয় প্রধানমন্ত্রী মিয়ানমার থেকে আগত বাস্তুচ্যুত প্রায় ১১ লাখ বিশাল রোহিঙ্গা জনগোষ্ঠীকে বাংলাদেশে আশ্রয়সহ সামাজিক নিরাপত্তা নিশ্চিত করে আজ সারা বিশ্বে তিনি 'মাদার অব হিউম্যানিটি' হিসেবে স্বীকৃতি লাভ করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার মহান উদ্যোগ দেশের জনগণ ও জনসেবার সাথে সংশ্লিষ্ট ব্যক্তি, সরকারি/বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানসমূহের মধ্যে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে, আগ্রহ সৃষ্টি ও অবদানের স্বীকৃতি প্রদানের জন্য 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক' চালু করা হয়।

০২. "মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক"-এর নীতিমালা অনুযায়ী ব্যক্তি পর্যায়, বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠান এবং সরকারি দপ্তর/ সংস্থা বা প্রতিষ্ঠান হতে ৫টি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরব উজ্জ্বল ভূমিকার জন্য 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক ২০২০-২০২১' প্রদান করা হবে। 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক' প্রস্তুতের-জন্য এ বিষয়ে অভিজ্ঞ ডিজাইনারদের নিকট হতে নিম্নে বর্ণিত পরিমাপ ও বর্ণনা অনুসারে পদকের ড্রয়িং-ডিজাইন আহ্বান করা যাচ্ছে।

০৩. **শ্রেষ্ঠ নির্বাচিত ডিজাইনারকে উপযুক্ত সম্মানী প্রদান করা হবে।**

০৪. পদকের পরিমাপ ও বর্ণনা :

ক. পদকের সম্মুখভাগের উপর মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক এবং নিচে বাংলাদেশ শব্দ স্পষ্টাক্ষরে লেখা থাকবে। মধ্যাংশে পানিতে ভাসমান জাতীয় ফুল শাপলা, শাপলার দুই পাশে দুইটি ধানের শীষ ও উপরে সংযুক্ত ৩টি পাট পাতা ও পাট পাতার দুই পাশে দুইটি করে চারটি তারকা থাকবে। পদকের পিছনের অংশে উপরে ছোট বৃত্তে মাদার অব হিউম্যানিটি খেতাব প্রাপ্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিকৃতি, প্রতিকৃতির বামপার্শ্বে খ্রিস্টাব্দ এবং ডান পার্শ্বে বঙ্গাব্দ গ্রথিত থাকবে। এর নিচে পদকের জন্য মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম এবং অবদানের ক্ষেত্র গ্রথিত থাকবে। পদকের রেপ্লিকার সামনে ও পিছনে পদকের অনুরূপ লেখা, ডিজাইন ও প্রতিকৃতি থাকবে।

খ. মূল স্বর্ণপদক ১৮ ক্যারেট মানের ২৫ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত হবে । মূল পদকের পরিধি হবে ৪৫ (পঁয়তাল্লিশ) মিলিমিটার এবং ফিতা ঝুলানোর জন্য আয়তাকার রিং-এর মাপ হবে দৈর্ঘ্য ৩০ (ত্রিশ) মিলিমিটার ও প্রস্থ ৭ (সাত) মিলিমিটার। রেপ্লিকার পরিধি হবে ৩০ (ত্রিশ) মিলিমিটার এবং ফিতা ঝুলানোর জন্য আয়তাকার রিং-এর মাপ হবে ২০ (বিশ) মিলিমিটার।

০৫. এমতাবস্থায়, আগ্রহী ডিজাইনারগণকে মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদকের নমুনাসহ বিস্তারিত ড্রয়িং-ডিজাইন সীলমোহরকৃত খামে আগামী ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা-এর কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো। নীতিমালাসহ বিস্তারিত তথ্যাদি সমাজকল্যাণ মন্ত্রণালয় (www.msw.gov.bd) ও সমাজসেবা অধিদফতর (www.dss.gov.bd)-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

৯/৮/২০২১
(ড. মোঃ আবুল হোসেন)
যুগ্মসচিব
ফোন : ৯৫৭৬৬৮৩
E-mail : publication@msw.gov.bd

এসসি-১০৭২/২১ (৮"X৪)

প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬। কার্যালয় : জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ
), ফ্যাক্স : ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল : janakanthanews@gmail.com, Website : www.dailyjanakantha.com,
), ১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম, ফোন ও ফ্যাক্স : ৬১৩১৩৩, ফোন : ২৮৬৩১০০, সম্মিলিত প্রধান কার্যালয় : গ্লোব জনকণ্ঠ
৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০টি লাইন), ফ্যাক্স : ০২২২২২২১৭০৭, ই-মেইল : gjspltd@gmail.com, Website : www.globe-janakantha.com